ইত্তেফাক
২৭।১১।৮১
043

# মন্ত্রণালয়ের সহিত ৪টি শিক্ষাবোর্ডের ঠাণ্ডা লড়াই

॥ সৈয়দ আখতার ইউসুফ ॥

চারটি শিক্ষাবোর্ডের কর্মচারীদের বেতন ও ভাতা বৃদ্ধি লইয়া শিক্ষা মন্ত্রণালয়ের সহিত বোর্ড কর্তৃপক্ষের ঠাণ্ডা লড়াই চলিতেছে। মন্ত্রণালয়ের নির্দেশ অনুসারে বর্ধিত বেতন ও ভাতা কাটিয়া দিয়া বোর্ড কর্তৃপক্ষ নভেম্বর মাসের বিল তৈরী করিলে কর্মচারীদের অসন্তোষ বিক্ষোভে পরিণত হইবে। অন্যদিকে ''অননুমোদিতভাবে'' প্রদত্ত এই বর্ধিত বেতনভাতা অব্যাহত থাকিলে, মন্ত্রণালয়ের মতে ''লক্ষ লক্ষ টাকার খেসারত'' চলিতেই থাকিবে। এই পরিস্থিতিতে সম্ভবতঃ আগামীকাল (শনিবার) শিক্ষা সচিবের সহিত চারটি বোর্ড ও শিক্ষা বোর্ডের প্রতিনিধি লইয়া গঠিত সাব কমিটি একদফা বৈঠকে বসিতে পারেন।

ঠাণ্ডা লড়াইয়ের এক পর্যায়ে শিক্ষা মন্ত্রণালয় ঢাকা, কুমিল্লা যশোর, রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড প্রধানদের উপর ''কারণ দর্শানোর'' পত্রও জারি করিয়াছে। উহাতে বলা হইয়াছে, বোর্ডগুলি উহাদের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীকে ''বিধি বহির্ভূতভাবে সুযোগ-সুবিধা'' দিয়া বসিয়াছেন। ইহাতে ইতিমধ্যে কয়েক লক্ষ টাকা বাড়তি খরচ হইয়া গিয়াছে। এই অবস্থা চলিতে থাকিলে বাড়তি ব্যয় কোটি টাকার অঙ্কও হইতে পারে।

উক্ত পত্রে বলা হয়, ১৯৭৭-এর ১লা জুলাই হইতে কার্যকরিতা দিয়া কয়েকমাস আগে বোর্ডগুলি কর্মচারীদের ইনক্রিমেণ্ট, আগাম ইনক্রিমেণ্ট ছাড়াও সিলেকশন গ্রেড প্রদান করে। ইহার ফলে সরকারের বেতননীতির উপরও হাত পড়িয়াছে। প্রকাশ, বোর্ডগুলির বেতনহারের উল্লেখ করিয়া বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা সমতুল্য বেতন চাহিয়া বসিলে মন্ত্রণালয়

( ২য় পৃঃ দ্রঃ )

## শিক্ষাবোর্ডের ঠাণ্ডা লড়াই

( ১ম পৃঃ পর )

বোর্ডগুলিকে এসব বাড়তি সুবিধা বাতিল করিবার নির্দেশ দেয়।

এব্যাপারে বোর্ড সূত্রের সহিত যোগাযোগ করা হইলে জানানো হয়, বিভিন্ন পরীক্ষার সময় কম বেতনের কর্মচারীরা দাবী-দাওয়া লইয়া আন্দোলনে নামিয়া বারংবার যে অস্বস্তিকর অবস্থা সৃষ্টি করে উহার হাত হইতে রক্ষা পাওয়ার জন্য টেক্সটবুক বোর্ডসহ পাঁচ বোর্ডের সাবকমিটি বিএডিসি কিংবা পাওয়ার বোর্ডের মত স্বায়ত্তশাসিত সংস্থার অফিসার কর্মচারীদের প্রাপ্ত সুবিধার আলোকে পাঁচটি বোর্ডের কর্মচারীদের বেতন ও ভাতায় ''ন্যূনতম ও খুটিনাটি উন্নতি ঘটানোর'' পদক্ষেপ নেয়। মন্ত্রণালয় এ সামান্য ব্যবস্থা মানিয়া নিবে বলিয়া তাহাদের প্রত্যাশা ছিল। তাহাদের ভাষায়, 'কিন্তু মন্ত্রণালয় এসব বাড়তি সুবিধা পুরাপুরি বাতিল করার কথা সাফ জানাইয়া দিয়াছে।''

বোর্ড সূত্র জানায়, অফিসারদের উৎসব বোনাস ইতিমধ্যে বাতিল করিয়া দেওয়া হইয়াছে। তবে বেতন ও ভাতা কাটিতে গেলে কী অবস্থা সৃষ্টি হইবে তাহা লইয়া বোর্ড কর্তৃপক্ষ শঙ্কিত।